দৈনিক জনকণ্ঠ

তারিখ ... SEP 17 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

৩১

# হোমিওপ্যাথিক বোর্ডের ডিএইচএমএস পরীক্ষার ফল ঘোষণা

বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড, ঢাকার অধীনে স্বীকৃতিপ্রাপ্ত হোমিওপ্যাথিক চিকিৎসা মহাবিদ্যালয়সমূহের ডিএইচএমএস (ডিপ্লোমা-ইন-হোমিওপ্যাথিক মেডিসিন এ্যান্ড সার্জারি) কোর্সের ১৯৯৯ সালের জুন মাসে অনুষ্ঠিত ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষের চতুর্থ (চূড়ান্ত) বর্ষের পরীক্ষার ফল ঘোষণা করা হয়েছে। সর্বমোট ১৮৭৯ পরীক্ষার্থীর মধ্যে ১৩৭৯ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ৭৩.৩৯।

প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান প্রাপ্ত হয়েছে যথাক্রমে রামকৃষ্ণ দাস (রোল-ঢাকা, নম্বর-৩৪, বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, ঢাকা, জিএম), রুহুল আমিন, (রোল-খুলনা, নম্বর-১১১৫, খুলনা হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ, খুলনা) এবং মোঃ রিজাউল করিম (রোল-রাজবাড়ী, নম্বর-১৭২৬, রাজবাড়ী হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ, রাজবাড়ী)।-প্রেস বিজ্ঞপ্তি।